## বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ #৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

বিজ্ঞপ্তি নং -ফায়ার এ্যান্ড সেফটি/২৭৪/২০২৫

তারিখ ঃ- ২২ নভেম্বর, ২০২৫

<u>সম্মানিত সকল সদস্যের জন্য</u>

**বিষয় ঃ** ভূমিকম্প পরবর্তী নিরাপত্তা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি ।

মহোদয়,

আপনারা অবগত আছেন যে, গতকাল (২১ নভেম্বর, ২০২৫) সকালে বাংলাদেশের ইতিহাসে অন্যতম একটি শক্তিশালী ভূমিকম্প সংঘটিত হয়। এতে দেশের বিভিন্ন স্থানে কয়েকজন হতাহত হলেও বহু স্থানে ভবন ও স্থাপনা ক্ষতিগ্রস্থ হয়েছে। যেহেতু পোশাক শিল্প কারখানাসমূহে বহু সংখ্যক শ্রমিক/কর্মচারী কাজ করেন তাই কারখানা ভবনসমূহের স্ট্রাকচারাল নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা অত্যন্ত জরুরী। কারখানা ভবনসমূহে অনেক ধরণের মেশিনারিজ রয়েছে যা থেকে অবিরাম কম্পন তৈরী হয়। এ ছাড়াও কারখানায় লিফট, বয়লার, জেনারেটর, সাব-ষ্টেশন ইত্যাদি সংবেদনশীল স্থাপনা রয়েছে, যা ক্ষতিগ্রস্থ হয়ে থাকলে যে কোন সময়ে মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে এবং বহু সংখ্যক শ্রমিক/কর্মচারী হতাহত হতে পারেন।

আপনারা অবগত আছেন যে, কোন বড় ধরণের ভূমিকম্প সংঘটনের পরবর্তীতে যে কোন সময়ে বড় মাত্রার Aftershock ঘটার আশংকা থাকে যা জীবন ও সম্পদের জন্য হুমকিস্বরূপ। তাই এ বিষয়ে আমাদের সতর্ক হওয়া অত্যন্ত জরুরী।

এমতাবস্থায়, আপনার কারখানা ভবনটি Aftershock বা পরবর্তীতে সংঘটিত ভূমিকম্পের ক্ষয়ক্ষতি থেকে রক্ষাকল্পে ভবনটিতে কোন ফাঁটল সৃষ্টি হয়েছে কি না বা অন্য কোন স্ট্রাকচারাল ত্রুটি দেখা দিয়েছে কি না তা অতি সত্বর একজন ষ্ট্রাকচারাল/সিভিল ইঞ্জিনিয়ার দ্বারা পরীক্ষা করার পাশাপাশি ভবনের লিফট, বয়লার রুম, জেনারেটর রুম, সাব-ষ্টেশন ইত্যাদি সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ ইঞ্জিনিয়ার দ্বারা পরীক্ষা-নিরীক্ষা করিয়ে নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

এ বিষয়ে আপনাদের সকলের সচেতনতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

22/11/25

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org